ভোরের কাগজ

5

তারিখ 11 DEC 1998
পৃষ্ঠা [illegible] কলাম ৫

# [illegible]র হাতে শিক্ষক লাঞ্ছিত, রা.বিতে [illegible]া, ধর্মঘট আহ্বান

রাজশাহী প্রতিনিধি : পুলিশ কর্তৃক একজন শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনার জের ধরে গতকাল বৃহস্পতিবার দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ব্যাপক ভাঙচুর হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে রা.বি ক্যাম্পাসে তুমুল উত্তেজনা বিরাজ করছে। সাধারণ ছাত্র পরিষদ রা.বি. শাখা ঘটনার বিচার, ক্যাম্পাস থেকে পুলিশ অপসারণের দাবিতে আগামীকাল শনিবার এবং পরশু রোববার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে টানা দুদিনের ধর্মঘটের ডাক দিয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের পশ্চিম পার্শ্বের লিচুতলায় মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক ও সাবেক সহকারী প্রক্টর ডক্টর এনামুল হক বাসের অপেক্ষায় পুলিশের টেন্টে বসেন। এ নিয়ে পুলিশের একজন কনস্টেবল তার সঙ্গে ঝগড়া হলে শিক্ষক পরিচয় দেওয়ার পরও পুলিশের ঐ কনস্টেবল অকথ্য ভাষায় গালাগাল দিয়ে তাকে জোর করে সেখান থেকে উঠিয়ে দেয়। খবর পেয়ে মতিহার থানার ওসি ঘটনাস্থলে এসে পরিস্থিতি শান্ত করার পরিবর্তে ঐ শিক্ষকের সঙ্গে ফের দুর্ব্যবহার করেন।

পুলিশের এ আচরণে ক্ষুব্ধ হয়ে উপস্থিত ছাত্ররা প্রতিবাদ করতে থাকে। এক পর্যায়ে ঐ ছাত্ররা পুলিশের উপর চড়াও হয়। কিন্তু বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টরের হস্তক্ষেপে পরিস্থিতি সাময়িকভাবে শান্ত হয়। এরপর সাধারণ ছাত্র পরিষদের ব্যানারে বিক্ষুব্ধ ছাত্ররা এবং ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। তারা ক্যাম্পাস থেকে অবিলম্বে পুলিশের অপসারণ ও ঘটনার সঙ্গে জড়িত পুলিশের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ক্যাম্পাসে ধর্মঘটের কর্মসূচি ঘোষণা করে। ছাত্রলীগ (চু-ক) ও ইসলামী ছাত্রশিবির এ ধর্মঘট কর্মসূচিকে সমর্থন করে বিবৃতি দিয়েছে। এদিকে পুলিশ কর্তৃক শিক্ষক লাঞ্ছিত হওয়ার খবর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে একদল বিক্ষুব্ধ ছাত্র বেলা ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের রসায়ন ও আইন বিভাগে ব্যাপক ভাঙচুর চালায়। এ সময় একজন ছাত্র আহত হয়। তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুপুরে রা.বি. শিক্ষক সমিতি, বিশ্ববিদ্যালয় প্রশাসন ও স্থানীয় পুলিশ প্রশাসনের মধ্যে এক জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দোষী পুলিশ কনস্টেবল সুমনকে বিশ্ববিদ্যালয় থেকে ক্লোজ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।